টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# RSV (রেস্পিরেটরি সিনসিশিয়াল ভাইরাস) টিকা: *আপনাকে যা জানতে হবে*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলভ্য রয়েছে। www.immunize.org/vis-এ দেখুন

## 1. কেন টিকাটি নিতে হবে?

**RSV টিকা রেস্পিরেটরি সিনসিশিয়াল ভাইরাস (Respiratory Syncytial Virus, RSV)** দ্বারা সৃষ্ট শ্বসনতন্ত্রের নিম্নভাগের রোগ প্রতিরোধ করতে পারে। RSV হল শ্বসনতন্ত্রের একটি পরিচিত ভাইরাস যা সাধারণত হালকা, ঠান্ডা লাগার মতো উপসর্গ সৃষ্টি করে।

RSV সাধারণত ভাইরাসের সাথে সরাসরি সংস্পর্শের মাধ্যমে ছড়িয়ে পড়ে, যেমন অন্য একজন ব্যক্তির কাশি বা হাঁচির ফোঁটা আপনার চোখ, নাক বা মুখের সংস্পর্শে আসা। দরজার হাতলের মতো কোনও পৃষ্ঠ যাতে ভাইরাস আছে, তা স্পর্শ করা এবং তারপর আপনার হাত ধোয়ার আগে আপনার মুখ স্পর্শ করার মাধ্যমেও এটা ছড়িয়ে যেতে পারে।

RSV সব বয়সের লোকেদের অসুস্থ করে দিতে পারে কিন্তু বিশেষ করে শিশু এবং বয়স্ক মানুষদের ক্ষেত্রে এটি গুরুতর হতে পারে। হৃৎপিন্ড বা ফুসফুসের রোগ, দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থার মতো দীর্ঘস্থায়ী চিকিৎসাগত সমস্যা থাকা শিশু এবং বয়স্ক লোকেরা, বা যারা নার্সিং হোমে বা দীর্ঘমেয়াদী পরিচর্যা কেন্দ্রে থাকেন, তাদের RSV থেকে গুরুতর অসুস্থতা এবং জটিলতার সর্বোচ্চ ঝুঁকি আছে।

RSV সংক্রমণের উপসর্গের মধ্যে নাক দিয়ে সর্দি পড়া, ক্ষুধা কমে যাওয়া, কাশি, হাঁচি, জ্বর বা শ্বাস নেওয়ার সময় সোঁ-সোঁ শব্দ অন্তর্ভুক্ত থাকতে পারে। বেশিরভাগ লোক এক বা দুই সপ্তাহের মধ্যে সেরে ওঠেন, কিন্তু RSV গুরুতর হতে পারে, যার ফলে শ্বাসকষ্ট হয় এবং অক্সিজেনের মাত্রা কমে যায়। এছাড়াও RSV কখনও কখনও অন্যান্য রোগের অবস্থা আরও খারাপ করে তুলতে পারে যেমন হাঁপানি, ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (ফুসফুসের একটি দীর্ঘস্থায়ী রোগ যা শ্বাস নেওয়াকে কষ্টকর করে তোলে), বা কনজেস্টিভ হার্ট ফেলিওর (যখন হৃৎপিণ্ড পুরো শরীর জুড়ে যথেষ্ট রক্ত ও অক্সিজেন পাম্প করতে পারে না)।

যে বয়স্ক মানুষ এবং শিশুরা RSV-এর কারণে খুব বেশি অসুস্থ হয়ে পড়েন তাদের হাসপাতালে ভর্তি করতে হতে পারে। কেউ কেউ মারাও যেতে পারেন।

## 2. RSV টিকা

CDC পরামর্শ দেয় যে রোগী এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীর মধ্যে আলোচনার ভিত্তিতে **60 বছর ও তার বেশি বয়সী প্রাপ্তবয়স্করা** RSV টিকার একটি একক ডোজ নিতে পারেন।

অন্যান্য টিকার মতো একই সময়ে RSV টিকা দেওয়া যেতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকা প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- RSV **টিকার একটি পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকে**, বা তার কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে**

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত RSV টিকাকরণ স্থগিত রাখার সিদ্ধান্ত নিতে পারেন।

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত RSV টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

## 4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার ঝুঁকি

- RSV টিকা দেওয়ার পরে ইনজেকশন দেওয়ার জায়গায় ব্যথা, লালভাব এবং ফোলাভাব, অবসন্নতা (ক্লান্তি বোধ করা), জ্বর, মাথাব্যথা, বমি ভাব, ডায়রিয়া এবং পেশী বা অস্থিসন্ধিতে ব্যথা হতে পারে।

নিদানিক পরীক্ষণগুলিতে RSV টিকা দেওয়ার পরে খুব কম ক্ষেত্রে গুইলেন-ব্যারে সিনড্রোম (Guillain-Barré Syndrome, GBS) সহ গুরুতর স্নায়ুতান্ত্রিক রোগের বিষয়ে রিপোর্ট করা হয়েছে। এই ঘটনাগুলি টিকার কারণে হয়েছিল কিনা তা স্পষ্ট নয়।

লোকেরা কখনও কখনও টিকাকরণ সহ চিকিৎসা-সম্বন্ধীয় পদ্ধতিসমূহের পরে অজ্ঞান হয়ে যায়। আপনি যদি মাথা ঘোরা অনুভব করেন বা দৃষ্টিশক্তির পরিবর্তন হয় বা কানের মধ্যে শব্দ হতে থাকে তাহলে আপনার প্রদানকারীকে তা জানান।

যেকোনো ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সম্ভাবনা রয়েছে।

## 5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক ছেড়ে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে **9-1-1** নম্বরে কল করুন এবং ব্যক্তিটিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টটি দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। **www.vaers.hhs.gov**-এ VAERS ওয়েবসাইটে যান বা **1-800-822-7967** নম্বরে কল করুন। *VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।*

## 6. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট **www.fda.gov/vaccines-blood-biologics/vaccines**-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) সাথে যোগাযোগ করুন:
  - কল করুন **1-800-232-4636** (**1-800-CDC-INFO**) অথবা
  - CDC-এর ওয়েবসাইট **www.cdc.gov/vaccines**-এ যান।

Bengali translation provided by Immunize.org